রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ: ১০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৬ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৭৯-আইন/২০২৬।—যেহেতু Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No. V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ২৯ এপ্রিল, ২০২৬ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৮৮-আইন/২০২৬ দ্বারা ATGW/ ATGM (3rd/4rd GEN) MODEL: RED ARROW 12E, CHINA অস্ত্রের ফায়ারিং এর জন্য নিম্ন তফসিলে বিধৃত চট্টগ্রাম জেলার আওতাধীন সন্দ্বীপ উপজেলা এবং নোয়াখালী জেলার আওতাধীন সুবর্ণচর ও হাতিয়া উপজেলা বা উহার অংশবিশেষকে নির্ধারণ করিয়াছে; এবং

যেহেতু উক্ত Act এর section 9 এর sub-section (3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ১০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের নোটিশ এস. আর. ও. নং ৩৩৭-আইন/২০২৬ দ্বারা উক্ত এলাকায় ০৫ নভেম্বর, ২০২৬ হইতে ২০ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ পর্যন্ত ATGW/ ATGM (3rd/4rd GEN) MODEL: RED ARROW 12E, CHINA অস্ত্রের ফায়ারিং পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারি করিবার উদ্দেশ্যে একটি অভিপ্রায় নোটিশ জারি করিয়াছে;

সেহেতু উক্ত Act এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০৫ নভেম্বর, ২০২৬ হইতে ২০ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত উক্ত এলাকায় ATGW/ ATGM (3rd/4rd GEN) MODEL: RED ARROW 12E, CHINA অস্ত্রের ফায়ারিং পরিচালনা অনুমোদন করিল, যথা:—

মূল্য : টাকা ৪.০০

তফসিল

জেলা: চট্টগ্রাম

সন্দ্বীপ উপজেলাধীন—

(ক) বোয়ালিয়া মৌজার দাগ নম্বর-১, ৩, ৯, ১০, ১১, ১৩, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, ২১, ২২, ২৭ ও ৩০; এবং

(খ) বগারচর মৌজার দিয়ারা দাগ নম্বর-১ হইতে ১৯।

জেলা: নোয়াখালী

সুবর্ণচর উপজেলাধীন—

(ক) চর চাঁদনী মৌজার ২, ৩, ও ৪ নম্বর সীটের দাগ নম্বর- ৩৮ হইতে ৫০;

(খ) চর মহুয়া মৌজার: ১, ২ ও ৩ নম্বর সীটের দাগ নম্বর- ০১ হইতে ২৯;

(গ) চর বনশী মৌজার: ১, ২, ৩ ও ৪ নম্বর সীটের দাগ নম্বর- ০১ হইতে ৪৩; এবং

(ঘ) চর সুবর্ণচর মৌজার: ১, ২ ও ৩ নম্বর সীটের দাগ নম্বর- ০১ হইতে ০৮।

হাতিয়া উপজেলাধীন স্বর্ণদ্বীপ মৌজার ৩ ও ৪ নং সীটের দাগ নম্বর- ০৩ হইতে ২৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবেদা আফসারী
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd